



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

ফোন : ০২৪৭-৮৬০৫০৬
ফ্যাক্স : ০২৪৭-৮৬০৫০৬
ই-মেইল-dgmpd@rakub.org.bd
ওয়েবসাইট- www.rakub.org.bd

সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।
সত্যতার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০৩/২০১৯

তারিখ: ২২.০৫.২০১৯

বিষয়: কর্মকর্তা-কর্মচারীগণের গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা-২০১৩ আংশিক সংশোধন প্রসঙ্গে।

কর্মী ব্যবস্থাপনা বিভাগের ০৩.১১.২০১৩ তারিখের সার্কুলার নং-প্রকা/কব্যবি-১৩/২০১৩ এর মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীগণের গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা-২০১৩ জারি করা হয়। উক্ত নীতিমালার ১০(৬) অনুচ্ছেদে নিম্নরূপ সিদ্ধান্ত আছে :

“কর্মকর্তা-কর্মচারী অবসরে যাওয়ার সময় প্রাপ্য আনুতোষিক এবং ক্ষেত্র বিশেষে লিয়েনকৃত ভবিষ্য তহবিলের সমুদয় অর্থ হতে গৃহ নির্মাণ অগ্রিমের পাওনা (আহরিত সুদসহ) এককালীন সমন্বয় করে ঋণ হিসাব বন্ধ করা হবে।”

০২। গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালায় অগ্রিমের সুদ ও আসল আদায় পদ্ধতির বিষয়ে রাকাব, পরিচালনা পর্ষদের ৪৯৫তম (তারিখ: ১৭-০৪-২০১৯) সভায় সারসংক্ষেপ উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয় :

“ ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশ মোতাবেক এ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা, ২০১৩ এর ১০(৬) অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংশোধনের অনুমোদন দেয়া হলো :

১. কর্মকর্তা-কর্মচারীর ছুটি নগদায়ন, লিয়েনকৃত প্রভিডেন্ট ফান্ড (পিএফ) এবং অবসরকালীন প্রাপ্য আনুতোষিকসহ সকল অর্থ গৃহ নির্মাণ অগ্রিমের সুদাসলে অনাদায়ী মোট স্থিতির বিপরীতে সমন্বয় করা হবে।

২. উল্লিখিতভাবে সমন্বয়ের পরও গৃহ নির্মাণ অগ্রিমের পাওনা অবশিষ্ট থাকলে-

(ক) চূড়ান্ত অবসরের তারিখ হতে গৃহ নির্মাণ অগ্রিমের দায় (সুদ+আসল) স্থিতির উপর ব্যাংক হারে সরল সুদ প্রযোজ্য হবে;


(খ) কর্মকর্তা-কর্মচারীর চূড়ান্ত অবসরের তারিখ হতে নিয়মিত মাসিক কিস্তিতে সর্বোচ্চ ১০ (দশ) বছরের মধ্যে অনাদায়ী গৃহ নির্মাণ ঋণের পাওনা পরিশোধযোগ্য হবে। এক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে অঙ্গীকারনামা গ্রহণ করে প্রাপ্য মাসিক পেনশনের ৫০% অনাদায়ী গৃহ নির্মাণ অগ্রিমের পাওনার বিপরীতে সমন্বয় করতে হবে;

(গ) উল্লিখিত সময়সীমার পরও ঋণের স্থিতি অবশিষ্ট থাকলে তা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর নিজস্ব উৎস/তহবিল হতে পরিশোধ করতে হবে।”

০৩। গৃহ নির্মাণ অগ্রিমের সুদ ও আসল আদায় পদ্ধতির ক্ষেত্রে পরিচালনা পর্ষদের উপরিউক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৪। ইহা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জারি করা হলো।

অনুমোদনক্রমে-


(মোঃ আব্দুর রাহিম)


উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-২০/২০১৮-২০১৯/৩৯৬৯(৪৫০)

তারিখ: ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪. মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলার লেটারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
৬. অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮. উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
৯. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০. প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১১. সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১২. ব্যবস্থাপক (সমব্য), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪. সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫. অফিস নথি।


(মোঃ কামরুজ্জামান কাদরী)

সহকারী মহাব্যবস্থাপক